ইলিশের প্রধান মৌসুমে (১২ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত) মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সফল করার লক্ষ্যে গঠিত চট্রগ্রাম বিভাগীয় মনিটরিং কমিটির জুম প্লাটফর্মে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আবদুস ছাত্তার
উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্রগ্রাম বিভাগ, কুমিল্লা।

তারিখ ও সময় : ১০/১০/২৩ খ্রি. দুপুর ২.৩০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এর পত্র নং: ৩৩.০২.০০০০.১০২.৫০.০০৬.১১.৬৪৭; তারিখ: ০৫/১০/২০২৩ খ্রি. মোতাবেক আগামী ১২ অক্টোবর-০২ নভেম্বর,২০২৩ খ্রি. পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সফল করার লক্ষ্যে অন্যান্য বিভাগের ন্যায় ০৮ (আট) সদস্য বিশিষ্ট চট্রগ্রাম বিভাগীয় মনিটরিং টিম গঠন করা হয়েছে এবং কমিটির ০১ (এক) নং সদস্য অর্থাৎ উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্রগ্রাম বিভাগ, কুমিল্লাকে এ টিমের সমন্বয়ক হিসাবে দায়িত্ব দেয়া হয়েছে। তিনি জানান যে, টিমের কার্যপরিধি হিসেবে ১২ অক্টোবর-০২ নভেম্বর, ২০২৩ খ্রি. পর্যন্ত সংশ্লিষ্ট এলাকায় সার্বক্ষনিকভাবে অবস্থান করে মাঠ পর্যায়ে পরিচালিত মোবাইল কোর্ট/অভিযান এবং ভিজিএফ কার্যক্রমের পর্যবেক্ষন ও তদারকী; দৈনিক প্রতিবেদন কন্ট্রোল রুমে প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ; মাইকিং, ঢোল সহরত, গণসচেতনতা সৃষ্টিমূলক বিভিন্ন কার্যাদি ও জেলে পল্লীতে উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠান; মা ইলিশ সংরক্ষণ অভিযান কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য ট্রলার মালিক সমিতি, লঞ্চ মালিক সমিতি, বাস ও ট্রাক মালিক সমিতি, বাংলাদেশ রেলওয়ে, মৎস্যজীবি, জেলে আড়ৎদার, মাছঘাটের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময়; জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সাথে সমন্বয় রেখে কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণসহ যে কোন উদ্ভূত পরিস্থিতিতে প্রধান সমন্বয়কারীর সাথে আলোচনা করে সমাধানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি এ প্রেক্ষিতে চট্রগ্রাম বিভাগীয় মনিটরিং কমিটির সদস্যবৃন্দ কর্তৃক আসন্ন মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ এর কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সহায়ক যানবাহন, ভৌত এবং আবাসন সুবিধা নিশ্চিতকরণে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাগনকে অনুরোধ জানান এবং একইসাথে সভায় উপস্থিত সদস্যবৃন্দগনকে ২২ (বাইশ) দিন ব্যাপী এ কার্যক্রমের সফলভাবে বাস্তবায়নের জন্য বিগত দিনের অভিজ্ঞতার আলোকে মতামত প্রদানের জন্য আহ্বান করেন।

টিমের সম্মানিত সদস্য ড. মোঃ আব্দুল আলীম, উপপরিচালক (চিংড়ি), মৎস্য ভবন, রমনা, ঢাকা বলেন, ২২ (বাইশ) দিন ব্যাপী মা ইলিশ সংরক্ষন অভিযান মৎস্য অধিদপ্তরের একটি গুরুত্বপূর্ন কার্যক্রম। প্রতিবছরই মা ইলিশ সংরক্ষণ অভিযানের কার্যক্রমসমূহ সফল করার লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা নিবিড় ভাবে কাজ করেন। তিনি বলেন, মা ইলিশ সংরক্ষণ অভিযান সফলভাবে বাস্তবায়নের পূর্বশর্ত হচ্ছে অভিযান শুরুর প্রারম্ভে গণসচেতনতা সৃষ্টিমূলক বিভিন্ন কার্যাদি ও জেলে পল্লীতে উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠান এবং মা ইলিশ সংরক্ষণ অভিযান কার্যক্রম সমন্ধে অবহিত করার জন্য ট্রলার মালিক সমিতি, লঞ্চ মালিক সমিতি, বাস ও ট্রাক মালিক সমিতি, বাংলাদেশ রেলওয়ে, মৎস্যজীবি, জেলে আড়ৎদার, মাছঘাটের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময়ের আয়োজন করা। পাশাপাশি প্রশাসনসহ আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সাথে সমন্বয় করে অভিযান শুরুর পূর্বে সঠিক পরিকল্পনা করা। তিনি আশা প্রকাশ করেন যে, অতীতের অভিজ্ঞতার আলোকে এ বছর ও জেলা/উপজেলা কর্মকর্তাগন এ বিষয়ে সচেষ্ট থাকবেন। সে সাথে মাঠ পর্যায় থেকে কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন যথানিয়মে ও যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাগন সচেষ্ট থাকবেন।

জেলা মৎস্য কর্মকর্তা, চাঁদপুর জানান, চাঁদপুর হচ্ছে ইলিশের অভয়াশ্রম। সেহেতু মা ইলিশ সংরক্ষন অভিযানের সফলতা বিবেচনার ক্ষেত্রে চাঁদপুর খুবই গুরুত্বপূর্ন। এছাড়া চাঁদপুরের নদী এলাকা ঢাকা বিভাগের মুন্সীগঞ্জ, শরীয়তপুর ও বরিশাল বিভাগের হিজলার সীমান্তবর্তী হওয়ায় সার্বক্ষনিক নজরদারির মধ্যে রাখতে হয়। তিনি জানান ইতঃমধ্যে জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটির সভা সম্পন্ন করা হয়েছে এবং উপজেলা পর্যায়ে সচেতনতা সভার অধিকাংশই ইতঃমধ্যে শেষ করা হয়েছে। সে সাথে মা ইলিশ সংরক্ষণ অভিযান শুরুর পুর্বেই ভিজিএফ বিতরন সম্পন্ন করার জন্য পদক্ষেপ নেয়া হচ্ছে। তিনি মা ইলিশ সংরক্ষণ অভিযান সফল করার লক্ষ্যে গঠিত বিভাগীয় কমিটির সদস্যবৃন্দের এ সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

জেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী জানান যে এ জেলায় ও ইতঃমধ্যে জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটির সভা সম্পন্ন করা হয়েছে এবং উপজেলা পর্যায়ে সচেতনতা সভার অধিকাংশই শেষ করা হয়েছে। পাশাপাশি মা ইলিশ সংরক্ষণ অভিযান শুরুর পূর্বেই

ভিজিএফ বিতরন সম্পন্ন করার জন্য পদক্ষেপ নেয়া হচ্ছে। তিনি বিভাগীয় কমিটির সদস্যবৃন্দকে এ সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

জেলা মৎস্য কর্মকর্তা, ফেনী জানান যে এ জেলায় ও ইতঃমধ্যে জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটির সভা সম্পন্ন করা হয়েছে এবং উপজেলা পর্যায়ে সচেতনতা সভা শেষ করা হয়েছে। পাশাপাশি মা ইলিশ সংরক্ষণ অভিযান শুরুর পুর্বেই ভিজিএফ বিতরন সম্পন্ন করার জন্য পদক্ষেপ নেয়া হচ্ছে। তিনি জানান যে, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প হতে অভিযান/মোবাইল কোর্ট পরিচালনার জন্য সোনাগাজী উপজেলায় একটি স্পীডবোট বরাদ্দ প্রদান করা হয়েছে। যা দিয়ে সোনাগাজী উপজেলা ছাড়া ও সীমান্তবর্তী নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার নদীতে ও অভিযান পরিচালনা করা হবে। এক্ষেত্রে নোয়াখালী জেলা/উপজেলার চাহিদার আলোকে সমন্বয় করে অভিযান পরিচালনা করে সম্ভব হবে। তিনি বিভাগীয় কমিটির সদস্যবৃন্দকে এ সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সফল করার লক্ষ্যে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ শুরুর পূর্বে উপজেলা পর্যায়ের নির্ধারিত সচেতনতা সভা শেষ করার বিষয়ে আলোচনা হয়। | মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ শুরুর পূর্বে সকল উপজেলার জন্য নির্ধারিত সচেতনতা সভা শেষ করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। জেলা মৎস্য কর্মকর্তাগন বিষয়টি নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট জেলা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০২ | জেলেদের জন্য বরাদ্দকৃত ভিজিএফ চাল যথাসময়ে বিতরন করা। | মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ শুরুর পূর্বে সংশ্লিষ্ট উপজেলাসমূহে বরাদ্দকৃত ভিজিএফ চাল যথানিয়মে বিতরন শেষ করার নিমিত্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে। জেলা মৎস্য কর্মকর্তাগন বিষয়টি মনিটরিং করবেন। | সংশ্লিষ্ট জেলা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৩ | জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ বিষয়ে প্রচারনা চালানো। | জেলা/উপজেলার জনগুরুত্বপূর্ণ স্থানে ব্যানার টানানো/লিফলেট বিতরন এবং নদীতে ও স্থলভাগে মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা চালঅতে হবে। | সংশ্লিষ্ট জেলা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৪ | হাট-বাজার, আড়ত ও মাছঘাটে ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত নিয়মিত অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনা করা। | জেলা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগন সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন এবং আইন-শৃংখলা বাহিনীর সাথে সমন্বয় করে রোস্টার টিম গঠন করে অভিযান পরিচালনা করবেন। রাতে ও গুরুত্বপূর্ণ অভিযানে ঝুঁকি বিবেচনায় রেখে যৌথ অভিযান পরিচালনার জন্য অগ্রীম পরিকল্পনা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট জেলা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | পার্শ্ববর্তী জেলা সমূহের সাথে আন্তঃযোগাযোগের মাধ্যমে সমন্বয় সাধন করা। | মা ইলিশ সংরক্ষণ অভিযানের সার্বিক সফলতার লক্ষ্যে পার্শ্ববর্তী জেলা সমূহের সাথে আন্তঃযোগাযোগের মাধ্যমে সমন্বয় সাধন করে কার্যক্রম জোরদার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা। | সদর দপ্তর হতে চাহিত ছকে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সংক্রান্ত প্রতিবেদন অনলাইনে যথাসময়ে প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট জেলাসমূহে এ সংক্রান্ত কন্ট্রোল রুম খুলতে হবে এবং কন্ট্রোল রুমের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর নাম, মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় তথ্য উপপরিচালকের দপ্তরসহ বিভাগীয় মনিটরিং কমিটির সকল সদস্যকে অবহিত করার ব্যবস্থা নিতে হবে। শাট পর্যায় হকত প্রতিবেদন প্রেরনের বিষয়টি জেলা মৎস্য কর্মকর্তাগন মনিটরিং করবেন। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা |

<table>
<tr>
<td>০৭</td>
<td>মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত মনিটরিং কমিটির সদস্যদের দায়িত্ব বন্টন করা।</td>
<td>মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বিভাগয়ি মনিটরিং টিমের সদস্যদের মাঝে নিম্নরুপ দায়িত্ব বন্টন করা হয়। তবে প্রয়োজনীয়তা বিবেচনায় টিমের সমন্বয়ককে অবহিত করে সদস্যগন বিভাগাধীন ইলিশ সংশ্লিষ্ট যে কোন জেলায় মনিটরিং করতে পারবেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>কর্মকর্তার নাম ও পদবী</th><th>সংযুক্ত জেলা</th></tr>
<tr><td>১</td><td>ড. মোঃ আব্দুল আলীম<br>উপপরিচালক (চিংড়ি), মৎস্য ভবন, ঢাকা</td><td>কক্সবাজার</td></tr>
<tr><td>২</td><td>জনাব অজিত কুমার পাল<br>সিনিয়র সহকারী পরিচালক<br>মৎস্য ভবন, ঢাকা</td><td>চাঁদপুর</td></tr>
<tr><td>৩</td><td>জনাব মোঃ শওকত কবির চৌধুরী, সহকারী পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্রগ্রাম</td><td>ফেনী, চট্রগ্রাম</td></tr>
<tr><td>৪</td><td>জনাব সাইফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য ভবন, ঢাকা</td><td>ব্রাহ্মনবাড়িয়া</td></tr>
<tr><td>৫</td><td>জনাব মুহাম্মদ বদরুল আলম শাহীন, সহকারী পরিচালক, মৎস্য ভবন,ঢাকা</td><td>চট্রগ্রাম, কক্সবাজার</td></tr>
<tr><td>৬</td><td>জনাব তন্ময় কুমার দাশ, সহকারী পরিচালক, মৎস্য ভবন,ঢাকা</td><td>লক্ষীপুর, নোয়াখালী</td></tr>
<tr><td>৭</td><td>জনাব সঞ্জয় দেবনাথ, সহকারী প্রকল্প পরিচালক, ইরিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য ভবন,ঢাকা</td><td>নোয়াখালী, লক্ষীপুর</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুস ছাত্তার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
চট্রগ্রাম বিভাগ, কুমিল্লা
ও
সমন্বয়ক, চট্রগ্রাম বিভাগীয় মনিটরিং টিম
মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩